বোরহানউদ্দিন উপজেলা পরিষদের অক্টোবর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা: বোরহানউদ্দিন   জেলা: ভোলা

সভাপতি: আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।

তারিখ: ২৯ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ। রোজ: বৃহস্পতিবার, বেলা ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অদ্যকার সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের বিভাগীয় প্রধানদের উপস্থিতিতে স্ব-স্ব দপ্তরের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** মেডিকেল অফিসার জানান, আসন্ন শীতে করোনাভাইরাস বিস্তারের প্রধান সময়। গত মাসে ভোলায় ২ জন রোগীর করোনা (Covid-19) ভাইরাস সনাক্ত হয়েছে। বোরহানউদ্দিনে বর্তমানে অ্যাক্টিভ কেস নেই। হাসপাতালে সকল স্বাস্থ্য সেবা প্রার্থীদের মাস্ক পরিধান বাধ্যতামূলক করা হয়েছে। মাস্ক পরিধান ব্যতীত কোনো স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে না। জনস্বাস্থ্য রক্ষার্থে মসজিদ, মন্দির, সামাজিক অনুষ্ঠানে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বাউন্ডারি ওয়াল না থাকায় বিভিন্ন সমস্যা হচ্ছে। উপজেলাধীন কিছু সংখ্যক কমিউনিটি ক্লিনিক (সিসি) স্বাস্থ্য সেবা প্রদানের জন্য উপযোগী নন। কমিউনিটি ক্লিনিক (সিসি) মেরামতের জন্য ইতঃপূর্বে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের আলোকে ৫টি সিসি ভেঙ্গে নতুন করে নির্মাণ করা হবে। তিনি আরও উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	(ক) সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ ও আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে; (খ) ব্যবহার অনুপযোগী ৫টি কমিউনিটি ক্লিনিক মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হবে; (গ)কমিউনিটি ক্লিনিকের তদারকী কার্যক্রম জোড়দার করতে হবে।	১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ৩. ইউপি চেয়ারম্যান (সকল)
২.	**উপজেলা মৎস্য দপ্তর** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান, মেঘনা ও তেতুলিয়া নদীতে মা ইলিশ সংরক্ষণ অভিযান কঠোরভাবে পালন করা হচ্ছে। অদ্য পর্যন্ত ৬০টি জোয়ারের মধ্যে ৪১টি জোয়ারে মেঘনা ও তেতুলিয়া নদীতে অভিযান পরিচালনা করা হয়েছে। ইতোমধ্যে এই উপজেলাধীন সকল ইউনিয়নে ইতোমধ্যে মৎস্য ভিডিএফ চাল বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ভোলা জেলার মধ্যে বোরহানউদ্দিন উপজেলায় মৎস্য ভিডিএফ চাল যথাসময়ের মধ্যে বিরতণ করা হয়েছে। এ জন্য তিনি সংশ্লিষ্ট সকলে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান, জেলা ট্রাস্ক ফোর্স কমিটির সভার	(ক) মা ইলিশ সংরক্ষণ অভিযান সফল করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন; (খ) ২২ (বাইশ) দিনব্যাপী মা ইলিশ রক্ষা অভিযান পরিচালনার জন্য মৎস্য কর্মকর্তার অনুকূলে অতিরিক্ত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ৩. চেয়ারম্যান (সকল ইউপি)

মোঃ সাইদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	সিদ্ধান্ত অনুযায়ী এই উপজেলার অনুকূলে ১,৫০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবেল হতে প্রদানের জন্য সভায় উপস্থান করেন। উপজেলা চেয়ারম্যান অতিরিক্ত বরাদ্দ চাহিদার যৌক্তিকতা ব্যাখ্যা করতে অনুরোধ করলে মৎস্য কর্মকর্তা জানান, বোরহানউদ্দিনের অধিক্ষেত্রে ০২টি নদীতে প্রতিদিন ০৪টি টিম অভিযান চালানোর জন্য যে পরিমাণ বরাদ্দ প্রয়োজন তা ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত বরাদ্দে সংকুলান সম্ভব নয় বিধায় এ অতিরিক্ত বরাদ্দ চাহিদা দেয়া হয়েছে। সভায় সকলে মৎস্য কর্মকর্তার দপ্তরে অতিরিক্ত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে একমত পোষণ করেন।		
০৩	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান, সামাজিক নিরাপত্তা বেষ্টনির সকল ভাতাভোগীদের Management Information System (MIS) এ কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। বীর মুক্তিযোদ্ধের সম্মানি ভাতা Management Information System (MIS) এর পে-রোলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। নীতিমালার আলোকে যে সকল ভাতাভোগী বয়সের সমস্যার জন্য MIS এ তথ্য এন্ট্রি করতে পারেনি তাদের তথ্য এন্ট্রি করার কোনো সুযোগ নেই। তাদের স্থলে নতুন নাম এন্ট্রি করতে হবে। এ বিষয়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামান করেন।	(ক) নীতিমালার আলোকে নতুন নাম MIS এ এন্ট্রি করার জন্য সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে পত্র প্রেরণ করুন।	১. উপজেলা সমাজসেবা অফিসার ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৪	**উপজেলা কৃষি বিভাগ** বোরহানউদ্দিন উপজেলায় রাসরায়নিক সার, বীজ ও কীটনাশকের মজুদ রয়েছে। মাঠ পর্যায়ে আমন ধান রোপিত হয়েছে। তেমন কোন পোকামাকড়ের আক্রমন বা রোগ বালাই এর তথ্য পাওয়া যায়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	মাঠ পর্যায়ে উপ সহকারী কর্মকর্তাগণ নিরবিচ্ছিন্নভাবে কৃষকদের কারিগরি পরামর্শ প্রদান করবেন এবং ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন।	উপজেলা কৃষি অফিসার
৫.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী শারীরিকভাবে অসুস্থ থাকায় সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৬.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২০ ভিডিজি চক্রে সুবিধাভোগীদের তালিকা আগামী ডিসেম্বর মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে। তাই আগামী ১৫ ডিসেম্বর মধ্যে তালিকা প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	২০২১-২০২০ ভিডিজি চক্রের সুবিধাভোগীদের তালিকা আগামী ১৫ ডিসেম্বরের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৭	**উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা

মোঃ সাইদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	সহযোগিতা কামনা করেন।		
৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** উপজেলা অ্যাকাডেমিক সুপারভাইজার জানান, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম প্রতিটি বিদ্যালয়ে চলমান রয়েছে। সভাপতি বলেন যে, অ্যাসাইনমেন্ট বাবদ যে কোনো শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত কোন অর্থ আদায় না করার হয়।	(ক) শিক্ষার্থীদের অ্যাসাইমেন্ট যথাযথভাবে মূল্যায়ন করতে হবে; (খ) অ্যাসাইনমেন্ট বাবদ শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার (সকল)
৯	**প্রাথমিক শিক্ষা বিভাগ** উপজেলা শিক্ষা অফিসার জানান, বাংলাদেশ সংসদ টিভির মাধ্যমে প্রাথমিক শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান চলমান রয়েছে। তিনি আরও জানান যে, প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণির জন্য সংক্ষিপ্ত সিলেবাস করার করা রয়েছে। কিন্তু এখান পর্যন্ত মন্ত্রণালয় হতে কোনো স্পষ্ট কোনো তথ্য পাওয়া যায়নি। বার্ষিক পরীক্ষা হবে কিনা সে বিষয়টিও বলা সম্ভব হচ্ছে না।	শিক্ষকগণ শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষা করবেন। যাতে শিক্ষার্থীরা টেলিভিশনের পাঠদান কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে এবং হোমওয়ার্ক সম্পন্ন করে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
১০	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্ল্যান্ট কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৪৫ জন সেবা প্রার্থীকে এ সেবা প্রদান করা হয়েছে। ইমপ্ল্যান্ট কার্যক্রম প্রসারের জন্য Operation Theater (OT) সাপোর্ট প্রয়োজন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ সার্বিক উন্নয়নের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় টয়লেট নির্মাণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।	ইউনিয়ন স্বস্থ্য ও পরিবার কেন্দ্রসমূহে নিয়মিত সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে	১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম চলমান করয়েছে। তিনি আরও জানান, আগামী ১ নভেম্বর বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাস্থ্য বিধি অনুসরণ করে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এই দিবস উপলক্ষ্যে ১০০টি ফলজ বৃক্ষের চারা এই দপ্তরের নিজস্ব অর্থায়নে বিতরণ করা হবে। এছাড়াও বোরহানউদ্দিন মহিলা ডিগ্রি কলেজে যুবতিদের শাক-সবজী চাষ বিষয়ে ৭ দিনব্যাপী প্রশিক্ষণ চলমান রয়েছে।	(ক) বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর করতে ক্ষুদ্র ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে; (খ) ১ নভেম্বের বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস সফলভাবে উদ্‌যাপনের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করত হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা যুব উন্নয়ন . কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আগামী ৭ নভেম্বর জাতীয় সমবায় দিবস। ঐ দিন যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে। জাতীয় পতাকা উত্তোলন অনুষ্ঠান শেষে স্বাস্থ্য বিধি অনুসরণ করে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে	জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন এবং স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নির্ধারিত কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	উপজেলা সমবায় অফিসার

মোঃ সাইদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	চলমান রয়েছে।		
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভিন্ন বাজারে পাবলিক টয়লেট নেই। যে সকল বাজারে পাবলিক টয়লেট নেই সে সকল বাজারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় স্বাস্থ্য সম্মত পাবলিক টয়লেট নির্মাণ করা যেতে পারে। কুঞ্জেরহাট বাজারে স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে বাজার উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারসহ সরেজমিনে উক্ত স্থান পরিদর্শন করা হয়। পরবর্তী নির্দেশনার আলোকে উন্নয়ন কর্যক্রম শুরু করা হবে। তিনি আরও জানান, বিদ্যালয় বিহীন উপজেলায় ১০০০ টি বিদ্যালয় নির্মাণের একটি প্রকল্প হাতে নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এ প্রকল্পের আওতায় এই উপজেলায় ২টি বিদ্যালয়ের প্রস্তাব পাওয়া গিয়েছে। যে কেউ এক দামে জমি দান করতে পারলে প্রস্তাবনা প্রেরণ করতে পারে।	(ক) যে সকল বাজারে পাবলিক টয়লেট নেই সে সকল বাজার নির্ধারণ পূর্বক বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) মাধ্যমে প্রকল্প গ্রহণপূর্বক বাস্তবায়ন করা হবে; (খ) ইউপি চেয়ারম্যানগণ আগামী ৭ দিনের মধ্যে এই কার্যালয়ে এডিপি'র আওতায় গৃহীতব্য প্রকল্পের তালিকা প্রেরণ করবেন; (গ) জরুরি ভিত্তিতে ০২টি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২. ইউপি চেয়ারম্যান (সকল)
১৪	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় জানান, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	(ক) আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে; (খ) আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; (গ) ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৫	**প্রাণিসম্পদ অধিদপ্তর** ভেটেরেনারি সার্জন জানান, তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম চলমান রয়েছে।	নিয়মিত সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১৬	**উপজেলা বন বিভাগ** উপজেলা বন কর্মকর্তা জানান, বোরহানউদ্দিন উপজেলায় বেড়িবাঁধের উপর ৩০ কিলোমিটার বনায়ন সৃজন করা হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সাথে আলোচনা সাপেক্ষে বেড়িবাঁধের স্থান নির্ধারণপূর্বক সার্বিক তদারকি করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা বন কর্মকর্তা
১৭	**বিবিধ** (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর ২০২০ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (খ) সরকারি ক্রেবিনক্রুজার প্রবল বৃষ্টির কারণে ডুবে যাওয়া নৌযানটি উদ্ধার, ঘাটে খুঁটি এবং ত্রিপল স্থাপন বাবদ ব্যয়িত ১৪,৫০০/- টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। (গ) উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তা প্রদানের জন্য বিশেষ পরিস্থিতিতে নিয়োগকৃত আনসারদের বসবাসের ব্যবস্থা, গ্যাস চুল্লি ও	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে সেপ্টেম্বর-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে সেপ্টেম্বর-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব	

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	সিলিন্ডার এবং ক্রোকারিজ ক্রয় বাবদ ২২,৯৪০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থান করা হয়। (ঘ) উপজেলা পরিষদের গাছপালা কর্তন এবং পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ১৩,৫০০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থান করা হয়।	তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) সরকারি ক্রেবিনক্রুজার প্রবল বৃষ্টির কারণে ডুবে যাওয়া নৌযানটি উদ্ধার, ঘাটে খুঁটি এবং ত্রিপল স্থাপন বাবদ ব্যয়িত ১৪,৫০০/- (চৌদ্দো হাজার পাঁচ শত টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তা প্রদানের জন্য বিশেষ পরিস্থিতিতে নিয়োগকৃত আনসারদের বসবাসের ব্যবস্থা, গ্যাস চুল্লি ও সিলিন্ডার এবং ক্রোকারিজ ক্রয় বাবদ ২২,৯৪০/- টাকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) উপজেলা পরিষদের গাছপালা কর্তন এবং পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ১৩,৫০০/- টাকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.১০.২০

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০-

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২০ খ্রিস্টব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
২. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৫. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
৬. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
৭. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৮. সংরক্ষণ নথি।

২৯/১০/২০২০

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।